27

দৈনিক সংবাদ

তারিখ 23 DEC 1994
পৃষ্ঠা ১ কলাম ৭

# শিক্ষক সমিতি নির্বাচন

## ঢাকা বিশ্ববিদ্যালয়

## নীল দলের নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কার্যকর পরিষদের নির্বাচনে মুক্তিযুদ্ধের পক্ষের নীল দল নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে। বিএনপি ও জামাতপন্থী শিক্ষকরা ঐক্যবদ্ধ হয়েও নীল দলের বিজয় রোধ করতে পারেনি।

নীল দল ঃ পৃঃ ৮ কঃ ১

## নীল দল ঃ সংখ্যাগরিষ্ঠতা

( ১ম পৃষ্ঠার পর )

শিক্ষক সমিতি কার্যকর পরিষদের ১৫টি পদের মধ্যে নীল দল সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ৯টি পদে জয়লাভ করেছে। বিএনপি ও জামাতপন্থী সাদা দল ৫টি পদে এবং গোলাপী দল ১টি পদে জয়লাভ করেছে।

সভাপতি পদে নির্বাচিত হয়েছেন নীল দলের প্রার্থী এবং অর্থনীতি বিভাগের অধ্যাপক ডঃ এ, টি, এম জহুরুল হক। তার প্রাপ্ত ভোটের সংখ্যা ৩৫২টি। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাদা দলের প্রার্থী এবং আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ডঃ আবুল কালাম পেয়েছেন ২৭৭টি ভোট।

সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন নীল দলের প্রার্থী এবং মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ শ ম ইমামুল হক। তার প্রাপ্ত ভোটের সংখ্যা ৩৯১টি।তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাদা দলের প্রার্থী এবং সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক কামরুল আহসান চৌধুরী পেয়েছেন ৩১৭টি ভোট।

সহ-সভাপতি পদে নির্বাচিত হয়েছেন সাদা দলের প্রার্থী ও পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ আঃ ফ ম ইউসুফ হায়দার। তার প্রাপ্ত ভোটসংখ্যা ৩৭২টি। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নীল দলের প্রার্থী এবং পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক ডঃ সুলতানা শফি পেয়েছেন ৩১১টি ভোট।

কোষাধ্যক্ষ পদে নির্বাচিত হয়েছেন সাদা দলের প্রার্থী এবং ব্যবসায় প্রশাসন ইন্সটিটিউটের অধ্যাপক ডঃ আনোয়ার হোসেন। তার প্রাপ্ত ভোটসংখ্যা ৩৬৩টি। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নীল দলের প্রার্থী এবং ব্যবসায় প্রশাসন ইন্সটিটিউটের অধ্যাপক ডঃ ইফতিখার গনি চৌধুরী পেয়েছেন ৩৪০টি ভোট।

যুগ্ম সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন নীল দলের প্রার্থী এবং ভূ-তত্ত্ব বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ মোঃ হোসেন মনসুর। তার প্রাপ্ত ভোট ৩৫১টি। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাদা দলের প্রার্থী এবং ভূগোল বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ মোহাম্মদ আবদুর রব পেয়েছেন৩০৫টি ভোট।

কার্যকর পরিষদের ১০টি সদস্যপদে নীল দল থেকে নির্বাচিত শিক্ষকরা হলেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ আ আ ম স আরেফিন সিদ্দিক (৩৮২), ফার্মেসী বিভাগের অধ্যাপক ডঃ আবুল কালাম আজাদ চৌধুরী (৪০৮), রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ এম, মোস্তফা চৌধুরী (৩৪৬), ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ডঃ খন্দকার বজলুল হক (৩৪৪), রসায়ন বিভাগের অধ্যাপক ডঃ মোহাম্মদ মসিহুজ্জামান (৩৯২) ও প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ডঃ মোঃ শাহাদত আলী (৪০১)।

সাদা দল থেকে নির্বাচিত সদস্যরা হলেন উদ্ভিদবিদ্যা বিভাগের অধ্যাপক ডঃ জিন্নাতুননেছা তাহমিদা বেগম (৩৬৯), রসায়ন বিভাগের অধ্যাপক ডঃ তাজমেরী সেলিমা আকতার তালুকদার (৩২৬) ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ডঃ হাবিবা খাতুন (৩১৩)। ১টি সদস্যপদে গোলাপী দলে নির্বাচিত হলেন সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক কে, এ, এম সা'দ উদ্দিন (৩০৯)।

নির্বাচিত শিক্ষকদের মধ্যে সর্বাধিক ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন নীল দলের প্রার্থী, আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য অধ্যাপক এ, কে আজাদ চৌধুরী। তার প্রাপ্ত ভোট ৪০৮টি।

নির্বাচনের ফলাফল ঘোষণার পর ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির বর্তমান সভাপতি এবং নীল দলের নেতা অধ্যাপক ডঃ শাহাদত আলী বলেন, আমাদের দলের প্রার্থীরা নির্বাচিত হবার মধ্য দিয়ে প্রমাণিত হল সাধারণ শিক্ষকদের আস্থা মুক্তিযুদ্ধের পক্ষের শক্তির প্রতি রয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টা থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে ভোট গ্রহণ করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রায় ১১ শ' শিক্ষকের মধ্যে ৮৩৭ জন শিক্ষক তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। সন্ধ্যা সাড়ে ৭টায় নির্বাচন পরিচালক অধ্যাপক আমিনুল ইসলাম নির্বাচনের ফলাফল ঘোষণা করেন।